

তথ্য প্রদান না করায় উপজেলা শিক্ষা অফিসারকে তথ্য কমিশন কর্তৃক এক হাজার টাকা জরিমানা

তথ্য বিবরণী:

ঢাকা ৩১.০১.২০১৭

প্রার্থিত তথ্য প্রদান না করায় গোপালগঞ্জ সদরের উপজেলা শিক্ষা অফিসার শেখ মো: নুরুল ইসলামকে তথ্য অধিকার আইনের আওতায় দায়েরকৃত অভিযোগের ভিত্তিতে ১০০০ (এক হাজার) টাকা জরিমানা করা হয়।

তথ্য অধিকার আইনে ৩১-০১-২০১৭ তারিখে ১২টি অভিযোগের শুনানী শেষে ১১টি অভিযোগ তাত্ক্ষণিক নিষ্পত্তি করা হয় এবং ১টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারণ করা হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মো: গোলাম রহমান, তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার ও তথ্য কমিশনার অধ্যাপিকা ড. খুরশীদা বেগম সাজিদ।

জনাব কাজী সাইফুদ্দিন (অভি) উপজেলা শিক্ষা অফিসার এর কার্যালয়, গোপালগঞ্জ সদর এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব শেখ মো: নুরুল ইসলাম এর কাছে গোপালগঞ্জ সদর উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয় এর সংখ্যা, মোট শিক্ষক সংখ্যা, বিদ্যালয়ের মঞ্জুরীকৃত পদ এর বর্তমান কর্মরতদের তালিকা এবং শিক্ষকদের বদলি সংক্রান্ত তথ্য জানতে চান। তথ্য না পেয়ে পরবর্তীতে আপীল করেও তথ্য না পাওয়ায় তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। উক্ত অভিযোগ বিষয়ে তথ্য কমিশনে শুনানী অন্তে উপজেলা শিক্ষা অফিসার শেখ মো: নুরুল ইসলামকে তথ্য সরবরাহ না করায় ১০০০ (এক হাজার) টাকা জরিমানা করা হয় এবং ১০ কার্যদিবসের মধ্যে তথ্য প্রদানের নির্দেশনা দেওয়া হয়।

জরিমানার ভিত্তিতে নিষ্পত্তিকৃত অভিযোগ ছাড়াও অন্যান্য অভিযোগগুলো হচ্ছে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, উপজেলা ভূমি অফিস, উপজেলা মৎস্য অফিস, ঢাকা ওয়াসা, অর্থ মন্ত্রণালয়, জেলা পরিষদ বরিশাল, উপজেলা খাদ্য কর্মকর্তার কার্যালয়, নিবাহী প্রকৌশলীর কার্যালয়, চরশাহী ইসলামিয়া আলিম মাদ্রাসার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

ওয়াদিয়া শাবাব

সহকারী পরিচালক (প্রচার ও প্রকাশ)

তথ্য কমিশন।

ফোনঃ ০২-৮১৮১২২০।

